www.a2zSubjects.com

**Signature and Name of Invigilator**

1. (Signature) ______________________

   (Name) ______________________

2. (Signature) ______________________

   (Name) ______________________

**OMR Sheet No. :** ..........................................
(To be filled by the Candidate)

**Roll No.** | | | | | | | | |
(In figures as per admission card)

**Roll No.** ______________________
(In words)

**J 1 9 1 5**

# PAPER - III
# BENGALI

**Time : 2½ hours]** **[Maximum Marks : 150**

Number of Pages in this Booklet : **24** Number of Questions in this Booklet : **75**

## Instructions for the Candidates

1. Write your roll number in the space provided on the top of this page.
2. This paper consists of seventy five multiple-choice type of questions.
3. At the commencement of examination, the question booklet will be given to you. In the first 5 minutes, you are requested to open the booklet and compulsorily examine it as below :
   (i) To have access to the Question Booklet, tear off the paper seal on the edge of this cover page. Do not accept a booklet without sticker-seal and do not accept an open booklet.
   (ii) **Tally the number of pages and number of questions in the booklet with the information printed on the cover page. Faulty booklets due to pages/questions missing or duplicate or not in serial order or any other discrepancy should be got replaced immediately by a correct booklet from the invigilator within the period of 5 minutes. Afterwards, neither the Question Booklet will be replaced nor any extra time will be given.**
   (iii) After this verification is over, the Test Booklet Number should be entered on the OMR Sheet and the OMR Sheet Number should be entered on this Test Booklet.
4. Each item has four alternative responses marked (1), (2), (3) and (4). You have to darken the circle as indicated below on the correct response against each item.
   **Example :** ① ② ● ④ where (3) is the correct response.
5. Your responses to the items are to be indicated in the **OMR Sheet given inside the Booklet only.** If you mark your response at any place other than in the circle in the OMR Sheet, it will not be evaluated.
6. Read instructions given inside carefully.
7. Rough Work is to be done in the end of this booklet.
8. If you write your Name, Roll Number, Phone Number or put any mark on any part of the OMR Sheet, except for the space allotted for the relevant entries, which may disclose your identity, or use abusive language or employ any other unfair means, such as change of response by scratching or using white fluid, you will render yourself liable to disqualification.
9. You have to return the original OMR Sheet to the invigilators at the end of the examination compulsorily and must not carry it with you outside the Examination Hall. You are however, allowed to carry original question booklet and duplicate copy of OMR Sheet on conclusion of examination.
10. **Use only Blue/Black Ball point pen.**
11. **Use of any calculator or log table etc., is prohibited.**
12. **There are no negative marks for incorrect answers.**

## परीक्षार्थियों के लिए निर्देश

1. इस पृष्ठ के ऊपर नियत स्थान पर अपना रोल नम्बर लिखिए।
2. इस प्रश्न-पत्र में पचहत्तर बहुविकल्पीय प्रश्न हैं।
3. परीक्षा प्रारम्भ होने पर, प्रश्न-पुस्तिका आपको दे दी जायेगी। पहले पाँच मिनट आपको प्रश्न-पुस्तिका खोलने तथा उसकी निम्नलिखित जाँच के लिए दिये जायेंगे, जिसकी जाँच आपको अवश्य करनी है :
   (i) प्रश्न-पुस्तिका खोलने के लिए पुस्तिका पर लगी कागज की सील को फाड़ लें। खुली हुई या बिना स्टीकर-सील की पुस्तिका स्वीकार न करें।
   (ii) **कवर पृष्ठ पर छपे निर्देशानुसार प्रश्न-पुस्तिका के पृष्ठ तथा प्रश्नों की संख्या को अच्छी तरह चैक कर लें कि ये पूरे हैं। दोषपूर्ण पुस्तिका जिनमें पृष्ठ/प्रश्न कम हों या दुबारा आ गये हों या सीरियल में न हों अर्थात किसी भी प्रकार की त्रुटिपूर्ण पुस्तिका स्वीकार न करें तथा उसी समय उसे लौटाकर उसके स्थान पर दूसरी सही प्रश्न-पुस्तिका ले लें। इसके लिए आपको पाँच मिनट दिये जायेंगे। उसके बाद न तो आपकी प्रश्न-पुस्तिका वापस ली जायेगी और न ही आपको अतिरिक्त समय दिया जायेगा।**
   (iii) इस जाँच के बाद प्रश्न-पुस्तिका का नंबर OMR पत्रक पर अंकित करें और OMR पत्रक का नंबर इस प्रश्न-पुस्तिका पर अंकित कर दें।
4. प्रत्येक प्रश्न के लिए चार उत्तर विकल्प (1), (2), (3) तथा (4) दिये गये हैं। आपको सही उत्तर के वृत्त को पेन से भरकर काला करना है जैसा कि नीचे दिखाया गया है।
   **उदाहरण :** ① ② ● ④ जबकि (3) सही उत्तर है।
5. प्रश्नों के उत्तर **केवल प्रश्न पुस्तिका के अन्दर दिये गये OMR पत्रक पर ही** अंकित करने हैं। यदि आप OMR पत्रक पर दिये गये वृत्त के अलावा किसी अन्य स्थान पर उत्तर चिन्हांकित करते हैं, तो उसका मूल्यांकन नहीं होगा।
6. अन्दर दिये गये निर्देशों को ध्यानपूर्वक पढ़ें।
7. कच्चा काम (Rough Work) इस पुस्तिका के अन्तिम पृष्ठ पर करें।
8. यदि आप OMR पत्रक पर नियत स्थान के अलावा अपना नाम, रोल नम्बर, फोन नम्बर या कोई भी ऐसा चिह्न जिससे आपकी पहचान हो सके, अंकित करते हैं अथवा अभद्र भाषा का प्रयोग करते हैं, या कोई अन्य अनुचित साधन का प्रयोग करते हैं, जैसे कि अंकित किये गये उत्तर को मिटाना या सफेद स्याही से बदलना तो परीक्षा के लिये अयोग्य घोषित किये जा सकते हैं।
9. आपको परीक्षा समाप्त होने पर मूल OMR पत्रक निरीक्षक महोदय को लौटाना आवश्यक है और परीक्षा समाप्ति के बाद उसे अपने साथ परीक्षा भवन से बाहर न लेकर जायें। हालांकि आप परीक्षा समाप्ति पर मूल प्रश्न-पुस्तिका तथा OMR पत्रक की डुप्लीकेट प्रति अपने साथ ले जा सकते हैं।
10. **केवल नीले/काले बाल प्वाईंट पेन का ही इस्तेमाल करें।**
11. **किसी भी प्रकार का संगणक (कैलकुलेटर) या लाग टेबल आदि का प्रयोग वर्जित है।**
12. **गलत उत्तरों के लिए कोई नकारात्मक अंक नहीं हैं।**



www.a2zSubjects.com

www.a2zSubjects.com

**BENGALI**

**বাংলা**

**PAPER – III**

**প্রশ্নপত্র – III**

**Note :** This paper contains **seventy five (75)** objective type questions of **two (2)** marks each. **All** questions are compulsory.

**নির্দেশ :** এই প্রশ্নপত্রে **পঁচাত্তর (75)** টি বিকল্প-সমন্বিত প্রশ্ন আছে। প্রতি প্রশ্নের মান **দুই (2)**। সব প্রশ্নের উত্তর দিতে হবে।

**1.** শেকস্‌পীয়রের Julius Caeser নাটকটি মূল নামে অনুবাদ করেছিলেন :

(1) হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়

(2) সত্যেন্দ্রনাথ ঠাকুর

(3) জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর

(4) গিরিশচন্দ্র ঘোষ

**2.** বঙ্কিমচন্দ্রের 'ধর্মতত্ত্ব' গ্রন্থ থেকে কিছু **শুদ্ধ-অশুদ্ধ** মন্তব্য দেওয়া হল । **সংকেত** থেকে **শুদ্ধ** উত্তরটি নির্দেশ করুন :

(a) যে আর্ত, সে-ই দয়ার পাত্র, অপরে নহে।

(b) রাসলীলা আসলে ঈশ্বরোপাসনা নয়।

(c) প্রীতি ও স্নেহের মিশ্রনে দয়া।

(d) যা শক্তিমান বা উপকারী বা সুন্দর তার উপাসনাই আদিম বৈদিক ধর্ম।

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (2) | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (3) | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (4) | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |

**3.** নীচের যে চরণটির মাত্রা-সংখ্যা সঠিক :

(1) সখিসবে বুইল রাধা লড়িউ সিনানে -- 9+6

(2) বোচাঁ নারিকেলেতে পুরিয়া দিল জল -- 7+7

(3) রূঢ় দীপের আলোক লাগিল ক্ষমা সুন্দর চক্ষে -- 5+6+6+3

(4) ওরে ভীরু ওরে মূঢ় তোলো তোলো শির -- 8+6



www.a2zSubjects.com

www.a2zSubjects.com

4. বাংলায় ব্রেখ্‌ট সোসাইটির প্রতিষ্ঠাতা ছিলেন :

(1) সত্য বন্দ্যোপাধ্যায়

(2) উৎপল দত্ত

(3) অজিতেশ বন্দ্যোপাধ্যায়

(4) শম্ভু মিত্র

5. ''ইংরেজেরা বাঙ্গালা দেশ অরাজকতা হইতে উদ্ধার করিয়াছেন। এই সকল কথা এই গ্রন্থে বুঝান গেল।'' -'আনন্দমঠ' সম্পর্কে বঙ্কিমচন্দ্রের এই ঘোষনা আছে গ্রন্থের :

(1) প্রথমবারের বিজ্ঞাপনে

(2) দ্বিতীয়বারের বিজ্ঞাপনে

(3) তৃতীয়বারের বিজ্ঞাপনে

(4) চতুর্থবারের বিজ্ঞাপনে

6. বঙ্কিমচন্দ্রের ' উত্তরচরিত' প্রবন্ধ থেকে কিছু **শুদ্ধ-অশুদ্ধ** মন্তব্য দেওয়া হল। **সংকেত** থেকে **শুদ্ধ** উত্তরটি নির্দেশ করুন :

(a) উত্তরচরিতের একটি দোষ এই যে, নাটক বর্ণিত ক্রিয়া সকলের পরস্পর কালগত নৈকট্য নাই।

(b) প্রথমাঙ্ক ও দ্বিতীয়াঙ্কের মধ্যে ত্রয়োদশবৎসর কাল ব্যবধান।

(c) উত্তরচরিতের তৃতীয় অঙ্ক নাটকের পক্ষে নিতান্ত অনাবশ্যক।

(d) কালিদাসের 'মেঘদূতম' আদ্যোপান্ত সুমধুর, প্রসাদগুণবিশিষ্ট, স্বভাবানুকারী-কিন্তু প্রধান কাব্য নয়।

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (2) | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (3) | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ |
| (4) | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ |



www.a2zSubjects.com

www.a2zSubjects.com

**7.** ''শেকস্‌পীয়র মানুষ সৃষ্টি করিতে পারেন। তুমি যেমন মানুষ চাও, শেকস্‌পীয়র তেমনি মানুষ তোমায় দিবেন।.... কালিদাস এরূপ মনুষ্য সৃষ্টি করিতে অক্ষম।তিনি মনুষ্য হৃদয়ের সুন্দর অংশ দেখাইতে পারেন।'' মন্তব্যটি করেছেন :

(1) বঙ্কিমচন্দ্র

(2) রবীন্দ্রনাথ

(3) হরপ্রসাদ শাস্ত্রী

(4) বলেন্দ্রনাথ

**8.** রবীন্দ্রনাথের যে গ্রন্থটির সর্বাধিক রূপান্তর হয়েছে, সেটি হল :

(1) রাজর্ষি

(2) বউঠাকুরাণীর হাট

(3) তপতী

(4) প্রায়শ্চিত্ত

**9.** বঙ্কিমচন্দ্রের-'ধর্মতত্ত্ব' গ্রন্থ থেকে কিছু শুদ্ধ-অশুদ্ধ মন্তব্য দেওয়া হল। সংকেত থেকে শুদ্ধ উত্তরটি নির্দেশ করুন :

(a) অনুশীলনতত্ত্ব বুঝিতে হইলে শারীরিক বৃত্তি, জ্ঞানার্জনী বৃত্তি ইত্যাদিরও নাম করিতে হয়।

(b) চিত্তরঞ্জিনী বৃত্তির অনুশীলনের অভাবে ধর্মের হানি হয়।

(c) লোকাতীত চৈতন্যে বিশ্বাস ধর্ম নহে।

(d) ভক্তি পরের জন্য, আপনার উন্নতির জন্য নহে।

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (2) | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (3) | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (4) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |

**10.** ওড্রদেশ ভ্রমনকালে মহাপ্রভু রেমুনা গ্রামে এসে ঈশ্বরের যে বিগ্রহ দর্শন করেছিলেন, সেটি হল :

(1) সাক্ষীগোপাল

(2) আদিবরাহ

(3) শ্রীশঙ্কর

(4) ক্ষীরচোরা গোপীনাথ



www.a2zSubjects.com

www.a2zSubjects.com

**11.** অ্যারিস্টটল তাঁর 'পোয়েটিক্স্'- এ উল্লেখ করেছেন, 'কাব্যের উদ্ভবের মূলে আছে' :

(1) চারটি কারণ

(2) দুটি কারণ

(3) তিনটি কারণ

(4) পাঁচটি কারণ

**12.** বঙ্কিমচন্দ্রের 'কৃষ্ণচরিত্র' গ্রন্থ থেকে কিছু **শুদ্ধ-অশুদ্ধ** তথ্য দেওয়া হল। **সংকেত** থেকে **শুদ্ধ** উত্তরটি নির্দেশ করুন :

(a) প্রচলিত মহাভারত আদিম বৈয়সিকী সংহিতা নহে।

(b) ভাগবতের 28/29/30/31/32 - এই পাঁচ অধ্যায় 'রাসপঞ্চাধ্যায়' নামে খ্যাত।

(c) ব্রজগোপীতত্ত্ব মহাভারতে পবিত্রভাবে আছে।

(d) কৃষ্ণের গোপমূর্তির উপাসনা গোপালতাপনী উপনিষদের বিষয়।

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (2) | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (3) | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (4) | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |

**13.** 'বাঙালী জীবনে রমণী' গ্রন্থের 'পাঠক-পাঠিকার প্রতি নিবেদন' অংশে লেখক একটি দেশী উক্তির সঙ্গে একটি বিদেশী উক্তির উদ্ধৃতি দিয়েছেন। বিদেশী উদ্ধৃতিটি যাঁর রচনা থেকে নেওয়া হয়েছে, তিনি হলেন :

(1) প্যাস্কাল

(2) সুইনবার্ন

(3) টেনিসন

(4) সাকলিং



www.a2zSubjects.com

www.a2zSubjects.com

**14.** বিহারীলালের 'সারদামঙ্গল'-এর শেষ গীতির শিরোনামটি হল :

(1) প্রশান্তি

(2) সমাপ্তি

(3) মাধুরী

(4) শান্তি

**15.** **প্রথম তালিকায়** অনুবাদকের নাম ও দ্বিতীয় **তালিকায়** ব্রেখ্‌ট থেকে তাঁদের অনূদিত নাটকের নাম দেওয়া হয়েছে। উভয় তালিকার তথ্যগত সামঞ্জস্য বিধান করে প্রদত্ত **সংকেত** থেকে সঠিক উত্তরটি নির্বাচন করুন :

| **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** | |
|---|---|---|---|
| (a) | রুদ্রপ্রসাদ সেনগুপ্ত | (i) | ভাল মানুষের মেয়ে |
| (b) | উৎপল দত্ত | (ii) | তিন পয়সার পালা |
| (c) | প্রলয় শূর | (iii) | ব্যতিক্রম |
| (d) | অজিতেশ বন্দ্যোপাধ্যায় | (iv) | সমাধান |

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | (ii) | (iii) | (iv) | (i) |
| (2) | (iii) | (iv) | (i) | (ii) |
| (3) | (i) | (ii) | (iii) | (iv) |
| (4) | (iv) | (i) | (ii) | (iii) |

**16.** 'চৈতন্যচরিতামৃত' গ্রন্থে 'বেদাশ্রয়া নাস্তিকবাদ বৌদ্ধতে অধিক'-'বেদাশ্রয়া নাস্তিকবাদ' বলতে বোঝানো হয়েছে :

(1) বৌদ্ধ মতবাদ

(2) নির্বিশেষাদ্বৈতবাদ

(3) দ্বৈতাদ্বৈতবাদ

(4) শুদ্ধাদ্বৈতবাদ

**17.** কুষাণ লিপিতে যা ∴ প্রাচীন বাংলা লিপিতে সেটি হল :

(1) অ

(2) আ

(3) ই

(4) ঈ



www.a2zSubjects.com

www.a2zSubjects.com

**18.** রবীন্দ্রনাথের 'কালান্তর' গ্রন্থ থেকে কিছু **শুদ্ধ-অশুদ্ধ** মন্তব্য দেওয়া হল। **সংকেত** থেকে **শুদ্ধ** উত্তরটি নির্দেশ করুন :

(a) সমাজে দায়ের চেয়ে দয়ার জোর বেশি।

(b) সম্প্রতি পৃথিবীতে শূদ্ররাজক যুগের পত্তন হইয়াছে।

(c) মৃত্যুসংখ্যার চেয়ে জন্মসংখ্যা বেশি হওয়াই কল্যাণের লক্ষণ।

(d) কর্তৃত্বের অধিকারই মনুষ্যত্বের অধিকার।

**সংকেত :**

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (1) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (2) | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (3) | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ |
| (4) | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ |

**19.** ব্রেখ্‌ট - বিশেষজ্ঞ সত্য বন্দ্যোপাধ্যায় যে দশকটিকে 'ব্রেখ্‌ট - এর দশক' বলে অভিহিত করেছেন সেটি হল :

(1) পঞ্চাশের দশক

(2) ষাটের দশক

(3) সত্তরের দশক

(4) আশির দশক

**20.** কাব্যে অশ্লীলতা - বিচারে প্রমথ চৌধুরী 'ব্রীড়াজুগুপ্সামঙ্গলাতঙ্কদায়ী' উদ্ধৃতিটি যাঁর রচনা থেকে গ্রহণ করেছেন, তিনি হলেন :

(1) বামন (2) দন্ডী

(3) ধনঞ্জয় (4) রাজশেখর

**21.** চৈতন্যচন্দ্রোদয় নাটক সম্বন্ধে প্রদত্ত প্রসঙ্গ গুলির **সত্য-অসত্য** বিচার করে সংকেত থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

(a) চৈতন্যচন্দ্রোদয় নাটকে অঙ্ক সংখ্যা দশ।

(b) চৈতন্যচন্দ্রোদয় নাটকে কোনো রূপক চরিত্রের অবতারনা করা হয়নি।

(c) চৈতন্যচন্দ্রোদয় নাটকের তৃতীয় অঙ্কে গৌরাঙ্গদেবের সপারিষদ অভিনয়ের কথা বলা হয়েছে।

(d) চৈতন্যচন্দ্রোদয় নাটকটিতে সূত্রধারের ভূমিকায় অভিনয় করেন হরিদাস।

**সংকেত :**

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (1) | সত্য | অসত্য | অসত্য | সত্য |
| (2) | অসত্য | সত্য | অসত্য | অসত্য |
| (3) | সত্য | অসত্য | সত্য | সত্য |
| (4) | সত্য | অসত্য | অসত্য | অসত্য |



www.a2zSubjects.com

www.a2zSubjects.com

**22.** 'জাগরী' উপন্যাসে মন্‌চনিয়ার বয়স হল :

(1) তিরিশ
(2) পনের
(3) কুড়ি
(4) পঁচিশ

**23.** **প্রথম তালিকায়** প্রদত্ত কুরুপান্ডবের যুদ্ধের এক-একটি দিনের সঙ্গে **দ্বিতীয় তালিকায়** প্রদত্ত যুদ্ধ-ঘটনার সামঞ্জস্য বিধান করে **সংকেত** অবলম্বনে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

| **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** | |
|---|---|---|---|
| (a) | প্রথম দিনের যুদ্ধ | (i) | অভিমন্যুর সঙ্গে অশ্বত্থামার যুদ্ধ |
| (b) | দ্বিতীয় দিনের যুদ্ধ | (ii) | ভীম ও দুর্যোধনের মধ্যে মহারণ |
| (c) | তৃতীয় দিনের যুদ্ধ | (iii) | অর্জুন ভীষ্মের সঙ্গে প্রথম যুদ্ধ করেন |
| (d) | চতুর্থ দিনের যুদ্ধ | (iv) | সৌবল রাজার পঞ্চবাণে সাত্যকির রথ চূর্ণ হয় |

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | (ii) | (iii) | (i) | (iv) |
| (2) | (i) | (ii) | (iv) | (iii) |
| (3) | (iii) | (i) | (iv) | (ii) |
| (4) | (iv) | (iii) | (ii) | (i) |

**24.** কবি মুকুন্দ চক্রবর্তী তাঁর চন্ডীমঙ্গলের 'সতীর দক্ষালয়ে গমন' অংশটি নিয়েছেন :

(1) বৃহদ্ধর্মপুরাণ থেকে
(2) শ্রীমদ্‌ভাগবত থেকে
(3) ব্রহ্মবৈবর্তপুরাণ থেকে
(4) মৎস্যপুরাণ থেকে



www.a2zSubjects.com

www.a2zSubjects.com

25. নীচের যে চরণে পয়ারের শোষণশক্তি দেখানো অসম্ভব :

(1) ষোল শত গোপী জাত্র আপন ইছাত্র

(2) এক কৃষ্ণ অরূপতা নামে বিশ্ববৈচিত্র্যের 'পরে

(3) হে কবি তোমার রচিত রাগিনী আমি কি গাহিতে পারি

(4) ভবানী বলেন তোর নায়ে ভরা জল

26. 'চৈতন্যচরিতামৃত' অনুসরণে কয়েকটি শুদ্ধ-অশুদ্ধ মন্তব্য দেওয়া হয়েছে। প্রদত্ত **সংকেত** থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

(a) কৃষ্ণের সদংশে যে শক্তি তার নাম সংবিৎ।

(b) বিষ্ণুপুরাণে জীবশক্তিকেই ক্ষেত্রজ্ঞাখ্যা দেওয়া হয়েছে।

(c) হ্লাদিনীর সার হচ্ছে ভাব, ভাবের সারভূত নির্যাস হচ্ছে প্রেম।

(d) মহাপ্রভু কর্তৃক ছোট হরিদাসকে বর্জনের বর্ণনা রয়েছে অন্ত্যলীলার ছয় পরিচ্ছেদে।

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (2) | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (3) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (4) | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |

27. 'পুনর্ণবা' নামে এলিয়টের Ash Wednesday কবিতাটির অনুবাদ করেছিলেন :

(1) বিষ্ণু দে

(2) অলোকরঞ্জন দাশগুপ্ত

(3) প্রভাতকুমার দাশ

(4) বার্ণিক রায়

28. প্রবোধচন্দ্র সেনের মতে বাংলা ছন্দে অর্ধযতি লোপের চিহ্ন হল :

(1) ত্রিবিন্দু দন্ড (⁝)

(2) ঢ্যারা চিহ্ন (×)

(3) দ্বিবিন্দু দন্ড (:)

(4) হাইফেন চিহ্ন (−)



www.a2zSubjects.com

www.a2zSubjects.com

**29.** বুদ্ধদেব বসুর 'মেঘদূত'-আলোচনা অবলম্বনে কয়েকটি **শুদ্ধ-অশুদ্ধ** মন্তব্য দেওয়া হল। **সংকেত** থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

(a) ক্লাসিক সাহিত্যের পূর্ণ প্রতিভূ য়োরোপে যেমন হোমার, ভার্জিল নন, ভারতে তেমনি বাল্মীকি, কালিদাস নন।

(b) সংস্কৃত কবিতা সম্পূর্নরূপে অকৃত্রিম, আদর্শ ও তত্ত্বের দিকে তা-ই, অভ্যাসের দিক থেকেও তা-ই।

(c) বাল্মীকি-পরবর্তী কাব্য সাহিত্যে প্রধান হয়ে উঠেছে সজ্জা, প্রসাধন, প্রকরণ বিদ্যা।

(d) যা অলংকৃত, তা-ই পর্যাপ্ত, এই মৌল ধারণা নিয়ে সংস্কৃত কাব্যবিচারের আরম্ভ।

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ |
| (2) | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ |
| (3) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (4) | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |

**30.** রবীন্দ্রনাথ যে প্রবন্ধটি কলিকাতা বিশ্ববিদ্যালয়ে পাঠ করেছিলেন, সেটি হল :

(1) ছন্দের অর্থ

(2) ছন্দের হসন্ত হলন্ত

(3) বাংলা ছন্দের প্রকৃতি

(4) বাংলা ভাষার স্বাভাবিক ছন্দ

**31.** 'উজ্জ্বলনীলমণি' গ্রন্থ থেকে কিছু **শুদ্ধ-অশুদ্ধ** তথ্য দেওয়া হল। **সংকেত** থেকে **শুদ্ধ** উত্তরটি নির্দেশ করুন :

(a) স্বকীয়া নায়িকার সর্বমোট সংখ্যা হচ্ছে 168।

(b) শ্রবণজাত পূর্বরাগ সর্বমোট 5 প্রকার।

(c) রতিভেদে পূর্বরাগ তিন প্রকার।

(d) প্রগল্‌ভা নায়িকা হচ্ছে ধীরাধীরা নায়িকার একটি বিশেষ শাখা।

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (2) | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (3) | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ |
| (4) | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ |



www.a2zSubjects.com

www.a2zSubjects.com

32. ''সংস্কৃত ভাষা কথ্য ভাষা ছিল না বলিয়াই সে ভাষায় ভারতবর্ষের সমস্ত হৃদয়ের কথা সম্পূর্ণ করিয়া বলা হয় নাই।''- মন্তব্যটি করেছেন :

(1) হরপ্রসাদ শাস্ত্রী
(2) বলেন্দ্রনাথ ঠাকুর
(3) রবীন্দ্রনাথ ঠাকুর
(4) বুদ্ধদেব বসু

33. 'কৃষ্ণচরিত্র' রচনায় উৎস হিসেবে বঙ্কিমচন্দ্র পৌর্বাপর্য বিচারে চারখানি গ্রন্থের যে তালিকা তৈরি করেছেন **প্রথম তালিকার** সঙ্গে **দ্বিতীয় তালিকার** সামঞ্জস্য বিধান করে **সংকেত** থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

| **প্রথম তালিকা** | **দ্বিতীয় তালিকা** |
|---|---|
| (a) প্রথম গ্রন্থ | (i) শ্রীমদ্ভাগবত |
| (b) দ্বিতীয় গ্রন্থ | (ii) বিষ্ণুপুরাণের পঞ্চম অংশ |
| (c) তৃতীয় গ্রন্থ | (iii) মহাভারতের প্রথম স্তর |
| (d) চতুর্থ গ্রন্থ | (iv) হরিবংশ |

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | (ii) | (i) | (iii) | (iv) |
| (2) | (iii) | (ii) | (iv) | (i) |
| (3) | (iv) | (iii) | (i) | (ii) |
| (4) | (i) | (iv) | (ii) | (iii) |

34. ''কুমারসম্ভব রঘুবংশ পৌরানিক বটে, কিন্তু তাহা পুরাণ নহে, কাব্য; তাহা চিত্তবিনোদনের জন্য লিখিত, তাহার পাঠকলে স্বর্গপ্রাপ্তির প্রলোভন নাই।''-রবীন্দ্রনাথ এই মন্তব্যটি তাঁর যে প্রবন্ধে করেছেন-

(1) কাব্যের উপেক্ষিতা
(2) মেঘদূত
(3) রামায়ণ
(4) কাদম্বরীচিত্র

35. রবীন্দ্রনাথের উৎসাহে সাঁওতাল পরগনা থেকে ছেলে ভুলানো ছড়া সংগ্রহ করেন :

(1) রজনীকান্ত গুপ্ত
(2) কুঞ্জলাল রায়
(3) যোগীন্দ্রনাথ সরকার
(4) অম্বিকাচরণ গুপ্ত



www.a2zSubjects.com

www.a2zSubjects.com

36. **প্রথম ও দ্বিতীয় তালিকায়** চারজন প্রবন্ধকার ও তাঁদের লেখা এলিয়ট বিষয়ক প্রবন্ধের নাম দেওয়া হল। তালিকা দু'টির সামঞ্জস্য বিধান করে প্রদত্ত **সংকেত** সূত্র থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

| **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** | |
|---|---|---|---|
| (a) | শঙ্খ ঘোষ | (i) | টি.এস.এলিয়ট : মরুতীর হতে |
| (b) | অলোকরঞ্জন দাশগুপ্ত | (ii) | কতটুকু এলিয়ট |
| (c) | রাম বসু | (iii) | এলিয়টের কাব্যনাট্য |
| (d) | শরৎকুমার মুখোপাধ্যায় | (iv) | একটি জীবনের কাহিনী |

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | (iv) | (ii) | (iii) | (i) |
| (2) | (ii) | (iii) | (i) | (iv) |
| (3) | (i) | (iii) | (iv) | (ii) |
| (4) | (iii) | (iv) | (ii) | (i) |

37. সন্ধ্যাসঙ্গীতের যে কবিতাটি 1289 বঙ্গাব্দের বৈশাখ সংখ্যায় 'ভারতী' পত্রিকায় প্রকাশিত হয়, সেটি হল :

(1) আমিহারা (2) হলাহল (3) তারকার আত্মহত্যা (4) গান সমাপন

38. 'ভূর্জে বা তেজপত্রে বা তালে বা তাড়ি পত্রকে'-যে পুঁথির 'পাঠ'-এ সেকালে কাগজ তৈরির উপকরণের এই শ্লোকটি পাওয়া যায় সেটি হল :

(1) বাস্তুতন্ত্র প্রকরণম্-এর পুঁথি (2) চর্যাগীতির পুঁথি

(3) যোগিনীতন্ত্রের পুঁথি (4) শ্রীকৃষ্ণকীর্তনের পুঁথি

39. নীচে একটি **মন্তব্য** এবং তার সমর্থনে **যুক্তি** প্রদর্শন করা হল । সংকেত থেকে শুদ্ধ উত্তরটি চিহ্নিত করুন :

**মন্তব্য :** উত্তরচরিতের চিত্রদর্শন শীর্ষক প্রথমাঙ্ক বাঙালির কাছে পরিচিত।

**যুক্তি :** কেননা, বিদ্যাসাগর এই অঙ্ক অবলম্বনে 'সীতার বনবাস'-এর দ্বিতীয় অধ্যায় লিখেছিলেন।

**সংকেত :**

(1) মন্তব্যটি শুদ্ধ কিন্তু যুক্তি অশুদ্ধ (2) মন্তব্যটি অশুদ্ধ কিন্তু যুক্তি শুদ্ধ

(3) মন্তব্য ও যুক্তি দুই-ই শুদ্ধ (4) মন্তব্য ও যুক্তি দুই-ই অশুদ্ধ



www.a2zSubjects.com

www.a2zSubjects.com

40. 'Introduction to the Bengali Language (1850)' গ্রন্থে বাংলা ছন্দের প্রসঙ্গ আছে 'Prosody' নামক :

(1) তৃতীয় অধ্যায়ে (2) চতুর্থ অধ্যায়ে (3) পঞ্চম অধ্যায়ে (4) ষষ্ঠ অধ্যায়ে

41. বুদ্ধদেব বসু বলেছেন, ''বৈষ্ণব কবিদের রাধিকা, উজ্জয়িনীর মেয়েদের মতোই,.....।''-এই সাদৃশ্যের কারণ বুদ্ধদেব বসুর মতানুসারে চিহ্নিত করুন :

(1) নায়ককে অভিসারে বাধ্য করান (2) বর্ষার রাত্রে অভিসারে বেরোন

(3) উৎকন্ঠিতা অবস্থায় আত্মহারা হন (4) বিরহকেই স্থায়িত্ব দিতে চান

42. **প্রথম তালিকায়** সংস্কৃত নাটকের অনুবাদ বা ভাবাবলম্বনে লেখা নাটকের নাম ও **দ্বিতীয় তালিকায়** নাট্যকারের নাম দেওয়া হয়েছে। তালিকা দু'টির সামঞ্জস্য বিধান করে **সংকেত** সূত্র থেকে সঠিক উত্তরটি নির্দেশ করুন :

| **প্রথম তালিকা** | **দ্বিতীয় তালিকা** |
|---|---|
| (a) বেণীসংহার | (i) নন্দকুমার রায় |
| (b) অভিজ্ঞান শকুন্তলা | (ii) সৌরেন্দ্রনাথ ঠাকুর |
| (c) বিক্রমোর্বশী | (iii) রামনারায়ণ তর্করত্ন |
| (d) মালবিকাগ্নিমিত্র | (iv) কালীপ্রসন্ন সিংহ |

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | (iv) | (i) | (iii) | (ii) |
| (2) | (iii) | (i) | (iv) | (ii) |
| (3) | (iv) | (iii) | (ii) | (i) |
| (4) | (i) | (ii) | (iii) | (iv) |

43. 'আনন্দমঠ' উপন্যাসের দ্বিতীয়বারের বিজ্ঞাপনে বঙ্কিমচন্দ্র যাঁকে 'বিজ্ঞসমালোচক' বলেছেন তিনি হলেন :

(1) কৃষ্ণবিহারী বসু (2) কৃষ্ণবিহারী সেন

(3) রেভারেন্ড কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায় (4) কৃষ্ণবিহারী মিত্র



www.a2zSubjects.com

www.a2zSubjects.com

44. বঙ্কিমচন্দ্রের 'কৃষ্ণচরিত্র' গ্রন্থ থেকে কিছু **শুদ্ধ-অশুদ্ধ** তথ্য দেওয়া হল। **সংকেত** থেকে **শুদ্ধ** উত্তরটি নির্দেশ করুন :

(a) কৃষ্ণের প্রথম ভার্যা ভীষ্মকের কন্যা সত্যভামা।

(b) কৃষ্ণ শিশুপালকে বধ করেছিলেন, অর্জুনের হিতার্থে।

(c) প্রধানতঃ শ্রীকৃষ্ণই উদ্যোগপর্বের নায়ক।

(d) হত্যাকারীর দন্ডই ধর্ম; এবং তাহার রক্ষার্থে যে মিথ্যা বলে, সে অধর্ম করে।

**সংকেত :**

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (1) | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ |
| (2) | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ |
| (3) | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (4) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |

45. হেনকালে দুইভাই কানন ভ্রমিতে।
দেখিল জটাউ পক্ষরাজ অচমিতে।।
সিতা হরি রাবন জাত্র পথ মাঝে।
সিতা রহাইতে রাবন সনে যুঝে।।
উদ্ধৃত অংশটি আছে-

(1) কৃত্তিবাসী রামায়ণে
(2) কাশীরাম দাসের মহাভারতে
(3) মালাধর বসুর শ্রীকৃষ্ণবিজয়ে
(4) আলাওলের পদ্মাবতীতে

46. **প্রথম তালিকায়** ধৃত সন্ধ্যাসঙ্গীতের প্রথম সংস্করণের কবিতা-নামের সঙ্গে **দ্বিতীয় তালিকায়** প্রদত্ত ওই কবিতা গুলির 'ভারতী' পত্রিকায় প্রকাশ কালের সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

| **প্রথম তালিকা** | **দ্বিতীয় তালিকা** |
|---|---|
| (a) তারকার আত্মহত্যা | (i) ফাল্গুন 1288 |
| (b) শিশির | (ii) জৈষ্ঠ্য 1288 |
| (c) গান সমাপন | (iii) অগ্রহায়ণ 1288 |
| (d) সংগ্রাম সংগীত | (iv) ভাদ্র 1288 |

**সংকেত :**

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (1) | (iii) | (i) | (iv) | (ii) |
| (2) | (i) | (ii) | (iii) | (iv) |
| (3) | (ii) | (iii) | (i) | (iv) |
| (4) | (ii) | (iv) | (iii) | (i) |



www.a2zSubjects.com

www.a2zSubjects.com

47. 'বিধবাবিবাহ প্রচলিত হওয়া উচিত কিনা এতদ্বিষয়কপ্রস্তাব' প্রবন্ধে বিদ্যাসাগর বলেছেন,''পরাশর কলিযুগে তিন প্রকার পুত্র মাত্র বিধান করিয়াছেন।''সেগুলি হল :-

(1) ঔরস,ক্ষেত্রজ, দত্তক

(2) ঔরস, কৃত্রিম, ক্ষেত্রজ

(3) ঔরস, দত্তক, পৌনর্ভব

(4) ঔরস, দত্তক, কৃত্রিম

48. কাশীদাসী মহাভারত অনুসারে **প্রথম তালিকায়** প্রদত্ত পর্ব নামের সঙ্গে দ্বিতীয় তালিকায় নির্দেশিত ঘটনার সামঞ্জস্য বিধান করে সংকেত থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

| **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** | |
|---|---|---|---|
| (a) | আদিপর্ব | (i) | রাজা হরিশ্চন্দ্রের রাজসূয় যজ্ঞ |
| (b) | সভাপর্ব | (ii) | কীচক বধ |
| (c) | বনপর্ব | (iii) | দুর্যোধন কন্যা লক্ষনার স্বয়ম্বর |
| (d) | বিরাটপর্ব | (iv) | প্রহ্লাদ উপাখ্যান |

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | (iii) | (i) | (iv) | (ii) |
| (2) | (i) | (iv) | (ii) | (iii) |
| (3) | (iv) | (ii) | (iii) | (i) |
| (4) | (ii) | (iii) | (i) | (iv) |

49. ''আমরা ধ্বনি চুরি করে থাকি অক্ষরের আড়ালে।''‘ছন্দ’ গ্রন্থের যে প্রবন্ধে উদ্ধৃতিটি আছে সেটি হল :

(1) ছন্দের অর্থ

(2) ছন্দের মাত্রা

(3) ছন্দের হসন্ত হলন্ত

(4) বাংলা ছন্দের প্রকৃতি



www.a2zSubjects.com

www.a2zSubjects.com

**50.** চর্যাগীতি অবলম্বনে **প্রথম তালিকায়** গানের সংখ্যা ও **দ্বিতীয় তালিকায়** চর্যার নাম প্রদত্ত হল। উভয়ের সামঞ্জস্য বিধান করে **সংকেত** থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

| **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** | |
|---|---|---|---|
| (a) | 1 নং চর্যাগান | (i) | 'তত্ত্বসম্বোধি চর্যা' |
| (b) | 41 নং চর্যাগান | (ii) | 'মহারাগনয় উদ্দীপন চর্যা' |
| (c) | 40 নং চর্যাগান | (iii) | 'দৃষ্টান্তদ্বারে প্রতীত্যসমুৎপাদচর্যা' |
| (d) | 29 নং চর্যাগান | (iv) | 'সহজ দৌর্ল্লভ্য চর্যা' |

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | (ii) | (iv) | (i) | (iii) |
| (2) | (ii) | (iii) | (iv) | (i) |
| (3) | (i) | (ii) | (iii) | (iv) |
| (4) | (iv) | (iii) | (i) | (ii) |

**51.** রবীন্দ্রনাথকে হাসন রাজার গান সংগ্রহে সাহায্য করেছিলেন :

(1) প্রভাতচন্দ্র শর্মা

(2) প্রভাতমোহন বন্দ্যোপাধ্যায়

(3) প্রভাতচন্দ্র গুপ্ত

(4) প্রভাতকুমার মুখোপাধ্যায়

**52.** তের সংখ্যক চর্যাগানের পুঁথিতে প্রাপ্ত পাঠটি হল :

(1) আঠক মারী

(2) অঠ কুমারী

(3) অঠ কমারী

(4) অঠকমারী



www.a2zSubjects.com

www.a2zSubjects.com

53. **মন্তব্য** ও **যুক্তির** বিচারে প্রদত্ত **সংকেত** থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

**মন্তব্য :** প্রবোধচন্দ্র সেনের মতে সত্যেন্দ্রনাথ দত্তের ছন্দ চিন্তার অন্যতম ত্রুটি হল অস্বরান্ত ব্যঞ্জন বর্নকে আধমাত্রা বলে স্বীকার করা।

**যুক্তি :** কেননা খন্ডবর্ণ স্বতঃ উচ্চার্য। কাজেই তাদের মাত্রা পরিমাণ স্বীকার করা যায় না।

**সংকেত :**

(1) মন্তব্য অশুদ্ধ যুক্তি শুদ্ধ
(2) মন্তব্য শুদ্ধ যুক্তি অশুদ্ধ
(3) মন্তব্য ও যুক্তি দুই-ই অশুদ্ধ
(4) মন্তব্য ও যুক্তি দুই-ই শুদ্ধ

54. 'ভারতী' পত্রিকার 1302 - 1304, 1306 - 1314 ও 1331 - 1333; - এই তিন পর্বেই অন্যতম সম্পাদক ছিলেন-

(1) ইন্দিরা দেবী
(2) সরলা দেবী
(3) স্বর্ণকুমারী দেবী
(4) হিরন্ময়ী দেবী

55. 'রক্তকরবী' নাটকের ষষ্ঠ থেকে নবম খসড়া পান্ডুলিপিতে প্রত্যক্ষভাবে রক্তকরবী ফুলের প্রসঙ্গ এসেছে বহুবার। দুটি তালিকায় খসড়ার সংখ্যা ও ফুলের উল্লেখ-সংখ্যা দেওয়া হল। তালিকা দুটির মধ্যে সামঞ্জস্য বিধান করে **সংকেত** থেকে সঠিক উত্তরটি নির্দেশ করুন :

| **প্রথম তালিকা** | **দ্বিতীয় তালিকা** |
|---|---|
| (a) ষষ্ঠ খসড়া | (i) আটবার |
| (b) সপ্তম খসড়া | (ii) উনিশবার |
| (c) অষ্টম খসড়া | (iii) দুইবার |
| (d) নবম খসড়া | (iv) আঠারোবার |

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | (iii) | (i) | (ii) | (iv) |
| (2) | (ii) | (iii) | (iv) | (i) |
| (3) | (i) | (ii) | (iii) | (iv) |
| (4) | (iv) | (iii) | (i) | (ii) |

56. ''সকল অলঙ্কারের শ্রেষ্ঠ অলঙ্কার সরলতা। যিনি সোজা কথায় আপনার মনের ভাব সহজে পাঠককে বুঝাইতে পারেন, তিনিই শ্রেষ্ঠ লেখক।''-বলেছেন :

(1) রবীন্দ্রনাথ
(2) বঙ্কিমচন্দ্র
(3) মোহিতলাল
(4) শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়



www.a2zSubjects.com

www.a2zSubjects.com

**57.** সত্যেন্দ্রনাথ দত্তের 'ছন্দসরস্বতী'র পঞ্চম আবির্ভাবের পদ্ধতিটি হল :

(1) বুলবুল গুলজার পদ্ধতি

(2) বিমান বিহার পদ্ধতি

(3) গঙ্গা যমুনা পদ্ধতি

(4) ঝর্ণা ঝামর পদ্ধতি

**58.** নীচে 'বাঙালী জীবনে রমণী' গ্রন্থের পরিচ্ছেদ-সংখ্যা এবং আলোচ্য বিষয় যথাক্রমে **প্রথম তালিকায়** এবং **দ্বিতীয় তালিকায়** উল্লেখ করা হল। **সংকেত** থেকে উভয় তালিকার সামঞ্জস্য বিধান করে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

| **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** | |
|---|---|---|---|
| (a) | দ্বিতীয় পরিচ্ছেদ | (i) | বাংলার দৃশ্য ও বাঙালীর ভালবাসা |
| (b) | তৃতীয় পরিচ্ছেদ | (ii) | বাঙালীর মন ও ভালবাসা |
| (c) | চতুর্থ পরিচ্ছেদ | (iii) | দেশাচার |
| (d) | পঞ্চম পরিচ্ছেদ | (iv) | বাঙালী সমাজ ও নূতন ভালবাসা |

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | (ii) | (iii) | (iv) | (i) |
| (2) | (iii) | (i) | (iv) | (ii) |
| (3) | (iii) | (iv) | (i) | (ii) |
| (4) | (iv) | (ii) | (iii) | (i) |

**59.** 'শরৎ' শিরোনামে কীটস্-এর 'Ode to Autumn' কবিতাটি অনুবাদ করেছিলেন :

(1) রবীন্দ্রনাথ ঠাকুর

(2) সত্যেন্দ্রনাথ ঠাকুর

(3) দেবীপ্রসাদ বন্দ্যোপাধ্যায়

(4) জগন্নাথ চক্রবর্তী

**60.** 'পোস্টমাস্টার' গল্পের রতনকে 'বেশি ভালোবাসিত' তার-

(1) ভাই (2) মা (3) বাপ (4) পোস্টমাস্টার



www.a2zSubjects.com

www.a2zSubjects.com

**61.** 'দেবীগর্জন' নাটক থেকে একটি **মন্তব্য** ও তার সমর্থনে **যুক্তি** দেওয়া হয়েছে। প্রদত্ত **সংকেত** থেকে সঠিক উত্তরটি নির্দেশ করুন :

**মন্তব্য :** নাটকের দ্বিতীয় অঙ্ক প্রথম দৃশ্যে সর্দার নিরুপায় হয়ে ঝুড়ি-ঝাঁপি-কুলো-কাঠা বোনার কাজে হাত দিয়েছে।

**যুক্তি :** কেননা তার ছেলের বৌ রত্না এসব কাজে এখনও হাত রপ্ত করে উঠতে পারে নি।

**সংকেত :**

(1) মন্তব্য অশুদ্ধ কিন্তু যুক্তি শুদ্ধ
(2) মন্তব্য ও যুক্তি দুই-ই শুদ্ধ
(3) মন্তব্য শুদ্ধ কিন্তু যুক্তি অশুদ্ধ
(4) মন্তব্য ও যুক্তি দুই-ই অশুদ্ধ

**62.** 'কল্লোল' পত্রিকায় রোমা রোঁলা-র 'জাঁ ক্রিস্তভ' উপন্যাসের অনুবাদ করেছিলেন :

(1) কালিদাস নাগ ও গোকুলচন্দ্র নাগ
(2) কালিদাস নাগ ও অচিন্ত্যকুমার সেনগুপ্ত
(3) গোকুলচন্দ্র নাগ ও বুদ্ধদেব বসু
(4) বুদ্ধদেব বসু ও প্রেমেন্দ্র মিত্র

**63.** নীচে 'পদ্মানদীর মাঝি' থেকে **প্রথম তালিকায়** কিছু উক্তি ও **দ্বিতীয় তালিকায়** চরিত্রের নাম দেওয়া হল। উভয় তালিকার মধ্যে সামঞ্জস্য বিধান করে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

| **প্রথম তালিকা** | **দ্বিতীয় তালিকা** |
|---|---|
| (a) আমাগো লগে যাইবা নাকি আমিনুদ্দি বাই? | (i) রাসু |
| (b) বাইর হ তুই আমার বাড়ির থেইকা নকুইলা, দূর হ! | (ii) কুবের |
| (c) সব গেছে মামা, আমার কেউ নাই। | (iii) সিধু |
| (d) ত্যাল-মরিচ আর একমুঠা চাল দে কুবির। | (iv) পীতম |

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | (ii) | (iv) | (i) | (iii) |
| (2) | (iv) | (iii) | (ii) | (i) |
| (3) | (iii) | (ii) | (iv) | (i) |
| (4) | (i) | (iv) | (iii) | (ii) |

**64.** 'বিসর্জন' নাটকে দেবীর কাছে গুনবতীর মানত ছিল প্রতিবছর বলিদান দেবেন :

(1) একশত মহিষ ও তিনশত ছাগ
(2) একশত ছাগ ও তিনশত মহিষ
(3) পাঁচশত ছাগ ও একশত মহিষ
(4) একশো একটি ছাগ ও একশো একটি মহিষ



www.a2zSubjects.com

www.a2zSubjects.com

65. ''ইউরোপীয় মহাকবিদিগের কবিত্বছটার প্রতিবিম্ব এতদ্দেশীয় সাধারণ জনগণের মানসে প্রতিবিম্বিত করাই আমাদিগের মুখ্য অভিপ্রেত।''- মন্তব্যটি করেছেন :

(1) রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়

(2) হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়

(3) নবীনচন্দ্র সেন

(4) মধুসূদন দত্ত

66. 'ধাত্রীদেবতা' উপন্যাস অবলম্বনে নীচে কয়েকটি মন্তব্য দেওয়া হয়েছে। এর মধ্যে **শুদ্ধ-অশুদ্ধ** দুই-ই আছে। প্রদত্ত **সংকেত** থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

(a) সুশীল মেডিক্যাল কলেজের ছাত্র। পূর্ণ পড়ে ক্যাম্পবেল মেডিক্যাল স্কুলে।

(b) বেলেড়া মৌজার গোমস্তার নাম ভূপতি।

(c) শিবুর শিক্ষকের নাম রামকিঙ্কর বাবু।

(d) নিরুদ্দিষ্টা ডোমবউ -এর সঙ্গে শিবুর দেখা হয়েছিল অরুণের মেসে।

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (2) | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (3) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ |
| (4) | অশুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |

67. 1937 সালে খ্রীষ্ট-জন্মদিন-এ শান্তিনিকেতনে বসে লেখা প্রান্তিকের কবিতা দুটি হল :

(1) **17** ও **18** সংখ্যক কবিতা

(2) **1** ও **2** সংখ্যক কবিতা

(3) **8** ও **9** সংখ্যক কবিতা

(4) **11** ও **12** সংখ্যক কবিতা



www.a2zSubjects.com

www.a2zSubjects.com

68. ''নাটক এবং উহার অভিনয় সম্পূর্ণরূপে নবযুগোপযোগী করিবার নিমিত্ত আমি.....Ibsenian Technique অবলম্বন করিয়াছি'' মন্তব্যটি করেছেন :

(1) শচীন সেনগুপ্ত
(2) যোগেশ চৌধুরী
(3) শান্তি বসু
(4) অজিত গঙ্গোপাধ্যায়

69. **প্রথম** ও **দ্বিতীয়** তালিকায় শেকস্‌পীয়রের মূল নাটক ও তার অবলম্বনে লেখা বাংলা নাটকের নাম দেওয়া হল। তালিকা দু'টির সামঞ্জস্য বিধান করে **সংকেত** সূত্র থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

| **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** | |
|---|---|---|---|
| (a) | 'সিম্বেলিন' | (i) | 'অনঙ্গরঙ্গিণী' |
| (b) | 'টুয়েলফথ্ নাইট' | (ii) | সুশীলা বীরসিংহ |
| (c) | 'অ্যাজ ইউ লাইক ইট' | (iii) | 'রাণী তমালিনী' |
| (d) | 'উইনটার'স্ টেলস্' | (iv) | 'সুশীলা চন্দ্রকেতু' |

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | (i) | (iii) | (ii) | (iv) |
| (2) | (iv) | (i) | (iii) | (ii) |
| (3) | (iii) | (ii) | (i) | (iv) |
| (4) | (ii) | (iv) | (i) | (iii) |

70. দীনবন্ধু মিত্র 'সধবার একাদশী' নাটকের আখ্যাপত্রে শেকস্‌পীয়রের যে নাটক থেকে উদ্ধৃতি দিয়েছেন সেটি হল :

(1) ম্যাক্‌বেথ্
(2) জুলিয়াস সীজার
(3) ওথেলো
(4) হ্যামলেট

71. সংস্কৃত কাব্যে যে সমস্ত সুললিত ছন্দ ব্যবহৃত হইয়া থাকে, বাংলা পদ্যে সেই সমস্ত ছন্দ প্রয়োগ করিতে পরিলে অবশ্যই তাহার কিছুনা কিছু সৌন্দর্য বৃদ্ধি হইতে পারে।'' বলেছেন :-

(1) তারাপদ ভট্টাচার্য
(2) হরগোবিন্দ নস্কর
(3) বলদেব পালিত
(4) বিজয়চন্দ্র মজুমদার



www.a2zSubjects.com

**72.** প্রবোধচন্দ্র সেনের মতানুসারে বাংলা ছন্দে যে চাররকমের যতি আছে তাদের চিহ্ন ও নাম গুলি নীচের দুটি তালিকায় বিন্যস্ত হল। চিহ্ন ও নাম গুলির সঙ্গতি বিধান করে **সংকেত** থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

| **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** | |
|---|---|---|---|
| (a) | \| | (i) | পূর্ণযতি বা পংক্তিযতি |
| (b) | : | (ii) | অর্ধযতি বা পদযতি |
| (c) | \|\| | (iii) | লঘুযতি বা পর্বযতি |
| (d) | I | (iv) | উপযতি বা উপপর্বযতি |

সংকেত :

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | (i) | (iii) | (iv) | (ii) |
| (2) | (ii) | (i) | (iii) | (iv) |
| (3) | (iii) | (iv) | (ii) | (i) |
| (4) | (iv) | (ii) | (i) | (iii) |

**73.** রাণু অধিকারী রক্তকরবী নাটকের যে খসড়া পাণ্ডুলিপিটির অনুলিপি করেন, সেটি হল :-

(1) সপ্তম খসড়া পাণ্ডুলিপি

(2) নবম খসড়া পাণ্ডুলিপি

(3) ষষ্ঠ খসড়া পাণ্ডুলিপি

(4) অষ্টম খসড়া পাণ্ডুলিপি

**74.** নীচের যে চরণটির মাত্রা-সংখ্যা সঠিক, সেটি হল :

(1) শরৎ তোমার শিশির-ধোওয়া কুন্তলে-6+6+3

(2) বনচূড়া রঞ্জিল স্বর্ণলেখায়-4+3+5

(3) জগতের অশ্রুধারে ধৌত তব তনুর তনিমা-8+10

(4) নীল কুটিল ঘন মৃদুদীর্ঘ কেশ - 7+6



www.a2zSubjects.com

www.a2zSubjects.com

**75.** প্রাচীন পুঁথির বানান পরিবর্তনকে ‘কালাপাহাড়ী’ কাজ বলেছেন :

(1) পঞ্চানন মন্ডল

(2) রাজেন্দ্রলাল মিত্র

(3) হরেকৃষ্ণ সাহিত্যরত্ন

(4) রবীন্দ্রনাথ ঠাকুর

- o 0 o -



www.a2zSubjects.com

www.a2zSubjects.com

**Space For Rough Work**



www.a2zSubjects.com